

মাননীয় প্রধানমন্ত্রীরসভাপতিত্বে অনুষ্ঠিত বিগত ২০/৮/২০১৪ তারিখেরসভার এবং পরবর্তীতে মুখ্য সচিব মহোদয় ও সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত বিগত ২৪/৩/১৫, ১৯/১০/২০১৫, ০২/১২/২০১৫, ১৫/১২/২০১৫ এবং ০৯/১০/২০১৬ তারিখের সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন

ক্রমিক	অনুষ্ঠিত সভার তারিখ	সভায় গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহ	কার্যক্রমের বিবরণ ও অগ্রগতি
১.	২০/৮/২০১৪	ব্লু ইকোনমি এর উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগ / সংস্থাসমূহ স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করবে। এসকল কার্যক্রম মনিটর করার লক্ষ্যে একটি সমন্বয় কমিটি গঠন করা হবে। প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ইহা সমন্বয় করা হবে।	সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগ /সংস্থা সমূহ	<ul style="list-style-type: none"> সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা বিষয়ক সমন্বয় কমিটি গঠিত হয়েছে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগ / সংস্থাসমূহ স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী কর্মপন্থা প্রণয়ন করেছে এবং তা বাস্তবায়ন করা হচ্ছে।
২.	২০/৮/২০১৪	সমুদ্রের কোন কোন এলাকায় কী কী খনিজ সম্পদ, মূল্যবান অন্যান্য সম্পদ ও মৎস্য সম্পদ ইত্যাদি রয়েছে তা দ্রুত সার্ভে করার প্রয়োজনে নিজস্ব জাহাজের পাশাপাশে ভাড়া জাহাজ সংগ্রহের পদক্ষেপ নেয়া যেতে পারে। একই সাথে সমুদ্র সম্পদ ব্যবস্থাপনা ও আহরণের জন্য গবেষণা কার্যক্রম জোরদার করতে হবে।	জ্বালানি ও খনিজসম্পদ বিভাগ।	<ul style="list-style-type: none"> সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে জরিপ জাহাজ ভাড়া করার নিমিত্ত ইওআই আহবান করা হলে প্রাপ্ত ১৩টি প্রস্তাবের মূল্যায়ন চূড়ান্ত পর্যায়ে রয়েছে। একই সাথে আরএফপি প্রস্তুত করার কাজ চলমান আছে। সমুদ্রাঞ্চলে Non-Exclusive Multi-client 2D Seismic Survey বিষয়টি চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় আছে। উল্লেখ্য, এই কার্যক্রম সম্পন্ন হলে জরিপ জাহাজ ভাড়া করার প্রয়োজন হবে না। বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর কর্তৃক ডায়নামিক পজিশন রিসার্চ ভেসেল (DPRV) সংগ্রহ করার প্রকল্পটি মে, ২০১৮ পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নিজস্ব গবেষণা জাহাজ “আর.ভি.মীন সন্ধানী” দ্বারা গত ২০-১২-২০১৬ হতে সমুদ্রে মৎস্য সম্পদের জরিপ কাজ শুরু হয়েছে। ইতোমধ্যে ১৬ টি ক্রুজ পরিচালনা করা হয়েছে। আগামী ৩০-০৬-২০১৯ এর মধ্যে জরিপ কাজ শেষ করার পরিকল্পনা রয়েছে। গবেষণা জাহাজ R.V. Dr Fridtjof Nansen দ্বারা আগামী ০২-১৮ আগস্ট, ২০১৮ বাংলাদেশের সমুদ্রাঞ্চলে মৎস্য সম্পদের উপর এ্যাকুয়াস্টিক সার্ভে পরিচালনা করা হবে।
৩.	২০/৮/২০১৪	সমুদ্র সম্পদ রক্ষা, সমুদ্রের উপকূলীয় এলাকা ও গভীর সমুদ্র এলাকায় নিরাপত্তা বিধানের জন্য কোস্টগার্ড ও বাংলাদেশ নৌবাহিনীর সক্ষমতা বৃদ্ধি করতে হবে।	বাংলাদেশ কোস্ট গার্ড	<ul style="list-style-type: none"> বাংলাদেশ কোস্ট গার্ড সমুদ্রগামী জলযান সংগ্রহ ও অবকাঠামো নির্মাণ প্রকল্প গ্রহণ করেছে। ইতোমধ্যে ৪টি অফশোর প্যাট্রোল ভেসেল বাংলাদেশে আগমন করেছে। ৭টি ইনশোর প্যাট্রোল ভেসেল নির্মাণাধীন রয়েছে। ০৮টি Unmanned Aerial Vehicle (UAV) ও ০৪টি হোভার ক্রাফট ক্রয়ের বিষয়টি মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে।
			বাংলাদেশ নৌ বাহিনী	<ul style="list-style-type: none"> সমুদ্র সংলগ্ন নদী/মোহনা সমূহে জরিপ কাজের জন্য ৪টি জাহাজ নির্মাণাধীন চীনের নৌ বাহিনী হতে ২টি ফিগেট ক্রয় প্রক্রিয়াধীন
৪.	২০/৮/২০১৪	সমুদ্র ও নদীর মোহনায় জেগে উঠা নতুন চর স্থায়ী করার লক্ষ্যে বনায়ন কার্যক্রম জোরদার করতে হবে। সমুদ্রের কাছাকাছি / নিকটে দূরত্বে জেগে উঠা চর সমূহকে ভূমি পুনরুদ্ধার কার্যক্রমের মাধ্যমে একত্রীকরণ করতে হবে।	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> মাঠ পর্যায়ে সরেজমিন পরিদর্শন পূর্বক মোট ২২৮০ কিমিঃ (রৈখিক দৈর্ঘ্য) উপকূলীয় এলাকা চিহ্নিত করা হয়েছে যার প্রায় ৯৭৭ কিমিঃ দীর্ঘ এলাকায় ইতোমধ্যে বনায়ন করা হয়েছে। বন অধিদপ্তর কর্তৃক উপকূলীয় এলাকায় চর সমূহে ২০১৬-১৭ অর্থ বছরে ১০৭৬ হেক্টর ম্যানগ্রোভ, ১১৫ হেক্টর নন ম্যানগ্রোভ ও ৫২ কিমিঃ স্ট্রীপ বাগান সৃজন করা হয়েছে। ২০০৯-২০১০ সালে এস্টুয়ারী ডেভেলপমেন্ট প্রোগ্রাম (ইডিপি) এর আওতায় চর মনতাজ-চরখালিফা (বেস্টিন ক্লোজার) ক্রস ড্যাম নির্মাণ করা হয় যার ফলে প্রায় ৪ বর্গ কিলোমিটার ভূমি পুনরুদ্ধার সম্ভব হয়েছে।

				<ul style="list-style-type: none"> • CCTF এর অর্থায়নে চর মাইনকা, চর ইসলাম চর, মনতাজ প্রকল্পের আওতায় ২০১৪-১৫ অর্থবছরে চর ইসলাম-চর মনতাজ ক্রস ড্যাম নির্মাণ সমাপ্ত হয়েছে এবং চর মাইনকা-চর ইসলাম ক্রস ড্যাম নির্মাণের কাজ বাস্তবায়নাধীন আছে যার ফলে আরো প্রায় ৪ বর্গ কিলোমিটার ভূমি পুনরুদ্ধার সম্ভব হবে। • অতি সম্প্রতি নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলায় সন্দ্বীপ চ্যানেলের মোহনায় ছোট ফেনী নদীর উপর “মুছাপুর ক্রোজার” নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। মুছাপুর ক্রোজার নির্মাণ পরবর্তী ক্রোজারের ভাটিতে ৩ বর্গ কিঃমিঃ ভূমি পুনরুদ্ধার প্রক্রিয়া চলমান রয়েছে। • নদ-নদী ও মোহনা হতে ভূমি পুনরুদ্ধার ও উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমকে অধিক গুরুত্ব দিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনার আলোকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে ভূমি পুনরুদ্ধার ও উন্নয়ন সেল নামে একটি নতুন দপ্তর সৃষ্টি করা হয়েছে। এই সেলের প্রধান কাজ হচ্ছে ভূমি পুনরুদ্ধার ও উন্নয়ন সংক্রান্ত যাবতীয় তথ্যাবলি সংগ্রহ ও সংরক্ষণ এবং ভবিষ্যতে ভূমি পুনরুদ্ধারের অভিক্ষেপসহ ক্রস ড্যাম নির্মাণের কর্ম পরিকল্পনা প্রণয়ন করা।
৫.	২০/৮/২০১৪	সন্দ্বীপ এলাকায় ক্রস ড্যাম তৈরী করা যাবে কিনা এবং তাতে ভোলা জেলায় কি প্রভাব পড়বে সে বিষয়ে স্টাডি করতে হবে	পানি সম্পদ মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> • নোয়াখালী-উরিরচরের মধ্যে ক্রসড্যাম নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য একটি ডিপিপি প্রণয়ন করে পানি সম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। প্রকল্পটি বাস্তবায়িত হলে উক্ত এলাকায় ১০ হাজার হেক্টর ভূমি পুনরুদ্ধার করা সম্ভব হবে। উল্লেখ্য, উক্ত ক্রস ড্যামটি বাস্তবায়িত হলে সন্দ্বীপ-উড়িরচর-নোয়াখালী এলাকার মরফোলজিক্যাল অবস্থার আমূল পরিবর্তন হবে বলে অনুভূত হয়। সম্প্রতি বাস্তবায়িত মুছাপুর ক্রোজারের ফলে ভবিষ্যতে এলাকার মরফোলজিক্যাল অবস্থার আমূল পরিবর্তন হবে বলে আশা করা যায়। ফলে নোয়াখালী-উরিরচর ক্রসড্যামটি বাস্তবায়নের পর নতুন অবস্থার পরিপ্রেক্ষিতে পুনরায় সমীক্ষার আলোকে অবশিষ্ট ৩(তিন)টি ক্রসড্যাম বাস্তবায়নের প্রক্রিয়া গ্রহণ করা সম্ভব হবে।
৬.	২০/৮/২০১৪	বাংলাদেশ-ভারত-শ্রীলঙ্কা-মালদ্বীপ এই চারটি দেশেরসম্মুখে সীক্রুজের/কোস্টাল টুরিজমের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এক্ষেত্রে নৌপ্রটোকল, আইন ইত্যাদি রিভিজিট করা যেতে পারে।	নৌ পরিবহন মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> • বাংলাদেশ ও ভারতের মধ্যে “Memorandum of Understanding on Passenger and Cruise Services on the Coastal and Protocol” এর আলোকে standard operating procedure (SOP) স্বাক্ষর হয়েছে। • বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে সি-ক্রুজ পরিচালনার জন্য প্রটোকল তৈরী প্রক্রিয়াধীন রয়েছে। • বাংলাদেশ ও শ্রীলঙ্কার মধ্যে coastal shipping agreement স্বাক্ষর প্রক্রিয়াধীন রয়েছে।
৭.	২০/৮/২০১৪	বাংলাদেশের সমুদ্র সীমার তেল, গ্যাস, মূল্যবান খনিজ, মৎস্য সম্পদ আহরণ ইত্যাদির জন্য দক্ষ জনবল তৈরী করতে হবে।	সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগ /সংস্থা সমূহ	<ul style="list-style-type: none"> • স্বল্প, মধ্যম মেয়াদি বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। • বাপেক্স-এর জনবল দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে গত মার্চ ২০১৪ হতে জুন ২০১৮ পর্যন্ত সময়ে ৪৫৫ জনকে বৈদেশিক এবং ৩৫৯৬ জনকে স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। • মৎস্য ও প্রানীসম্পদ মন্ত্রণালয়ের প্রতিবেদন হতে প্রতিয়মান হয় যে, (ক) সামুদ্রিক মৎস্য সম্পদ আহরণ ব্যবস্থাপনা (খ) Trawling and Acoustic Survey (গ) Stock Assessment and Management (ঘ) Taxonomy and Fishings Data Analysing (ঙ) UNCLOS (চ) Monitoring, Controlling and Survelence (ছ) Mariculture ইত্যাদি বিষয়ে বিদেশে ৪৮ জন এবং দেশে ২৯০ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছেন। • মেরিন ফিশারিজ একাডেমী হতে প্রতিবছর নটিক্যাল, মেরিন, মেরিন ইঞ্জিনিয়ারিং এবং

				<p>ফিশ প্রসেসিং বিষয়ে ৮০ জন দক্ষ জনবল তৈরি করা হচ্ছে।</p> <ul style="list-style-type: none"> বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, নারায়নগঞ্জে ০৪টি ট্রেডে ১৮৩২ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
৮.	২০/৮/২০১৪	বিভিন্ন সরকারী বিশ্ববিদ্যালয়ে সমুদ্র বিজ্ঞান বিষয়ক কোর্স চালুকরণ হতে হবে	শিক্ষা মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, শের-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম ভেটেনারী ও এনিম্যাল সাইন্স বিশ্ববিদ্যালয়, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় এবং মেরিটাইম বিশ্ববিদ্যালয়-এ সমুদ্র বিজ্ঞান/সমজাতীয় বিভাগ ও কোর্স চালু হয়েছে।
৯.	২০/৮/২০১৪	দেশের দক্ষিণাঞ্চলে বিশেষতঃ বরগুনা জেলায় শিপবিল্ডিং এবং শিপ রিসাইক্লিং শিল্প গড়ে তুলতে হবে। সমুদ্র বন্দর হতে নদীপথে কন্টেইনার পরিবহন করতে হবে যাতে মহাসড়কের ওপর চাপ কম পড়ে।	শিল্প মন্ত্রণালয় নৌ পরিবহন মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপনের লক্ষ্যে বরগুনা জেলার তালতলি উপজেলায় ছোট নিশানবাড়িয়া মৌজাছু তেতুলবাড়িয়া এলাকায় ১০৫.৫০ একর জমি অধিগ্রহণের জন্য বিএসইসির অনুকূলে ১৬-৪-২০১৮ শিল্প মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারী করা হয়েছে এবং ০৬-৫-২০১৮ তারিখ প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক বরগুনাকে পত্র প্রেরণ করা হয়েছে। জাহাজ নির্মাণ ও মেরামত শিল্প স্থাপনের লক্ষ্যে পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার পায়রা বন্দরের সল্লিকটে চর নিশানবাড়িয়া ও মধুপাড়া মৌজায় ১০৫.৫০ একর জমি অধিগ্রহণের জন্য বিএসইসির অনুকূলে ০৯-৪-২০১৮ শিল্প মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারী করা হয়েছে এবং ০৩-৫-২০১৮ তারিখ প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক পটুয়াখালীকে পত্র প্রেরণ করা হয়েছে। পানগাঁও কন্টেইনার টার্মিনাল নির্মাণ করা হয়েছে এবং কন্টেইনার পরিবহনের জন্য ব্যবহার হচ্ছে। বেসরকারী পর্যায়ে ০৩টি কন্টেইনার টার্মিনাল নির্মাণাধীন রয়েছে। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক সংগৃহীত ৩টি জাহাজ, নৌ কল্যাণ ফাউন্ডেশনের ২ টি জাহাজ এবং বেসরকারী উদ্যোগে ১ টি জাহাজ ইতোমধ্যে কন্টেইনার পরিবহন শুরু করেছে।
১০.	২০/৮/২০১৪	সমুদ্র হতে তেল, গ্যাস আহরণের সময় প্রকৃতি সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হয়। এক্ষেত্রে ক্ষতির পরিমাণ সর্বনিম্ন পর্যায়ে রাখতে হবে। গভীর ও অগভীর সমুদ্রের তেল গ্যাস কোন এক কোম্পানীর নিকট লীজ দেয়া যাবে। দেশের জনগনের কল্যাণ ও জনস্বার্থকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে তেল গ্যাস আহরণের জন্য ব্লক লীজ দিতে হবে।	জ্বালানি ও খনিজসম্পদ বিভাগ।	<ul style="list-style-type: none"> অফশোর ২৬টি ব্লকের মধ্যে গভীর সমুদ্রে ১টি ব্লক লীজ দেয়া হয়েছে। গভীর ও অগভীর সমুদ্রের তেল গ্যাস কোন এক কোম্পানীর নিকট লীজ না দেয়ার বিষয়ে পেট্রোবাংলা নীতিগতভাবে সিদ্ধান্ত গ্রহণ করেছে।
১১.	২০/৮/২০১৪	দেশের সমুদ্র সীমায় বিদেশী ট্রলার/জাহাজের অননুমোদিত ফিশিং এবং অবৈধ ট্রলার/জাহাজের অনুপ্রবেশ রোধে মনিটরিং ও সার্ভেল্যান্স জোরদার করতে হবে। গভীর সমুদ্রে মৎস্য আহরণের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করতে হবে।	মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> ২০/০৪/২০১৪ খ্রি. তারিখে মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর সভাপতিত্বে দেশের সমুদ্রসীমায় বিদেশী ট্রলার/জাহাজের অননুমোদিত ফিশিং এবং অবৈধ ট্রলার/জাহাজের অনুপ্রবেশ রোধে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় বাংলাদেশ নৌবাহিনী, বাংলাদেশ কোস্টগার্ড, বর্ডার গার্ড বাংলাদেশ, পুলিশ বাহিনী এর মনিটরিং ও সার্ভেল্যান্স কার্যক্রম জোরদারকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি খসড়া স্বল্পমেয়াদী পরিকল্পনায়ও অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া সচিব মহোদয় ১৯-০৯-২০১৬, ১২-০৪-২০১৭ সভা করে অবৈধ ট্রলার/জাহাজের অনুপ্রবেশ রোধে মনিটরিং ও সার্ভেল্যান্স কার্যক্রম জোরদার করার অনুরোধ জানিয়েছেন ১১/০৫/২০১৭ ও ১৭/১০/২০১৭ সশস্ত্র বাহিনী বিভাগ ও

		অধিক সংখ্যক মৎস্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপন করতে হবে।		কোস্টগার্ডকে সমুদ্রে নিরাপত্তা ব্যবস্থা ও অবৈধ ট্রলার অনুপ্রবেশরোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে। বাণিজ্যিক ট্রলারগুলোকে স্থলভাগ থেকে মনিটর করার জন্য ১৩৩ টি ট্রলারে Vessel Monitoring System (VMS) ডিভাইস সংযোজন করা হয়েছে। উপকূলীয় জেলাসমূহে Surveillance Check Point স্থাপনের কাজ চলমান আছে।
১২.	২০/৮/২০১৪	কক্সবাজার-টেকনাফচার লেনবিশিষ্ট মেরিনড্রাইভনির্মানকরতেহবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	<ul style="list-style-type: none"> গভীর সমুদ্রে মৎস্য আহরণের লক্ষ্যে ০৯টি লং লাইনার এবং ০৭ টি পার্স সেইনার জাতীয় মৎস্য নৌযানের অনুমতিপত্র প্রদান করা হয়েছে। "গভীর সমুদ্রে টুনা ও সমজাতীয় পেলাজিক মৎস্য আহরণের পাইলট" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। গত ২১/০১/২০১৮ তারিখে পরিকল্পনা কমিশনের কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে। বর্তমানে বাংলাদেশে সর্বমোট ১০৪ টি মৎস্য প্রক্রিয়াকরণ কারখানা রয়েছে। চিংড়ি প্রক্রিয়াজাতকরণের জন্য দেশে পর্যাপ্ত সংখ্যক প্রক্রিয়াকরণ কারখানা রয়েছে। তবে দেশীয় ভোক্তাদের খাদ্য নিরাপত্তা ও "রেডি টু ইট" মাছ সরবরাহের জন্য প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপনের সুযোগ রয়েছে। পাক্সাস ও তেলাপিয়া মাছের ফিলেট (Fillet) উৎপাদনের জন্য মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তর, মৎস্য অধিদপ্তর কর্তৃক ২টি প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদান করা হয়েছে।
১৩.	২০/৮/২০১৪	কক্সবাজার থেকে সমুদ্র তীরহয়ে পতেঙ্গা পর্যন্তযাতায়াতেরলক্ষ্যে সড়কনির্মানেরবিষয়েফিজিবিলিটি স্টাডিকরতেহবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	<ul style="list-style-type: none"> কক্সবাজার থেকে মেরিন ড্রাইভ নির্মান ১ম পর্যায়ে কলাতলী থেকে ইনানী বাস্তবায়ন করা হয়েছে। ২য় পর্যায়ের ইনানী থেকে সিলখালী থেকে বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। ৩য় পর্যায় সিলখালী থেকে টেকনাফ পর্যন্ত মেরিন ড্রাইভের কাজ করার জন্য প্রস্তুতকৃত ডিপিপি অনুমোদিত হয়েছে এবং ইতোমধ্যে প্রকল্পের ভূমি অধিগ্রহণের কাজ চলছে। মিরসরাই/সীতাকুন্ড- চট্টগ্রাম- কক্সবাজার পর্যন্ত মেরিন ড্রাইভ এক্সপ্রেসওয়ে নির্মানের লক্ষ্যে চীনের রাষ্ট্রীয় মালিকানাধীন চায়না হার্বার ইন্জিনিয়ারিং কোম্পানীর সাথে একটি নন বাইন্ডিং MOU স্বাক্ষরিত হয়েছে এবং অর্থায়নের জন্য পিডিপিপি নীতিগত অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।
১৪.	২০/৮/২০১৪	প্রতিবছর রুটিন করে আমাদের নদীগুলো ডেজিং করতে হবে। নদী শাসন ও নদী ডেজিং করে নদীর নাব্যতা ফিরিয়ে আনতে হবে।	পানি সম্পদ মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ আগ্রহ ও নির্দেশনায় দেশের নদ-নদীসমূহে ক্যাপিটাল ডেজিং করে নদীর পানি ধারণ ক্ষমতা ও নাব্যতা বৃদ্ধি করে বন্যার প্রকোপ সহনীয় মাত্রায় রাখতে ডেজার, এক্সকাভেটর এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয়ের মাধ্যমে বাপাউবোর ডেজিং সক্ষমতা বৃদ্ধি করা হচ্ছে। এযাবত বাপাউবো কর্তৃক সমগ্র দেশে ২৭৫ কিঃমিঃ নদ-নদী ডেজারের মাধ্যমে এবং ৫২১ কিঃমিঃ এক্সকাভেটরের মাধ্যমে পুনঃখনন করা হয়েছে। নদীর স্বাভাবিক ও বন্যা প্রবাহের প্রয়োজনে নদীর গতিপথ ও সীমানা নির্ধারণের পাশাপাশি নদীতীর স্থিতিশীল করণের দীর্ঘ মেয়াদি পরিকল্পনা প্রণয়ন চূড়ান্ত পর্যায়ে রয়েছে। দেশের নদ-নদী, খাল-বিল, জলাশয় সমূহ সামগ্রিক পরিকল্পনার আওতায় ডেজিং করার নিমিত্ত একটি খসড়া ধারণাপত্র প্রণয়ন করা হয়েছে এবং এর ভিত্তিতে ইতোমধ্যে কার্যক্রম শুরু হয়েছে। এছাড়া বাপাউবোর প্রতিটি জোনে অন্তত একটি করে নদী ডেজিং/খননের প্রকল্প হাতে নেয়া হচ্ছে।
১৫.	২০/৮/২০১৪	নতুন সমুদ্র সীমা অর্জনের প্রেক্ষিতে আইন, বিধি এবং প্রটোকলে কি পরিবর্তন করতে হবে তা পরীক্ষা করে পদক্ষেপ নিতে হবে।	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	<ul style="list-style-type: none"> বাংলাদেশ জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ আইন, ২০১৮ গত ১২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে কার্যকর হয়। বাংলাদেশ পতাকাবাহী জাহাজ (সংরক্ষণ) আইন ২০১৭ শীর্ষক খসড়া আইনটি বাংলা ভাষা বাস্তবায়ন কোষ এবং আইন মন্ত্রণালয় কর্তৃক পরীক্ষা করা হয়েছে

				<ul style="list-style-type: none"> • মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক National Marine Fisheries Act 2017 প্রক্রিয়াধীন আছে। • পরিবেশ অধিদপ্তর কর্তৃক National oil spills contingency plan প্রণয়নের কাজ চলমান আছে। • ১০ম জাতীয় সংসদের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির ৩৫ তম সভায় ব্লু ইকোনমি কর্তৃপক্ষ গঠনের জন্য সুপারিশ করা হয়। এ আলোকে ব্লু ইকোনমি সেল হতে "ব্লু ইকোনমি কর্তৃপক্ষ আইন" নামে একটা আইনের খসড়া প্রস্তুত করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে জমা দেয়া হয়েছে। • ব্লু ইকোনমি জোনস এক্ট প্রনয়নের কার্যক্রম পররাষ্ট্র মন্ত্রণালয় হতে নেয়া হয়েছে।
১৬.	২৪/৩/২০১৫	বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থা কর্তৃক স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদি পরিকল্পনা প্রনয়ন করে অগ্রগতি প্রতিবেদন আগামী চার সপ্তাহের মধ্যে "সমুদ্র সম্পদ আহরন ও সৃষ্টি ব্যবস্থাপনা বিষয়ক সমন্বয় কমিটি"র সমন্বয়কারী মুখ্য সচিব এবং সচিব, মেরিটাইম অ্যাফেয়ার্স ও আহ্বায়ক, ওয়ার্কিং টীম এর নিকট প্রেরণ করবে।	সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগ /সংস্থা সমূহ	<ul style="list-style-type: none"> • মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক মেট্রিক্স আকারে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী সুনির্দিষ্ট কর্মপত্র (Plan of Action) প্রণয়ন করে সেপ্টেম্বর ২০১৪ মাসে তা বই আকারে প্রকাশ করা হয়েছে। বইটি মন্ত্রণালয়ের মাধ্যমে মুখ্য সচিব এবং সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, সচিব, মেরিটাইম অ্যাফেয়ার্স ও আহ্বায়ক, ওয়ার্কিং টীম-এর নিকট প্রেরণ করা হয়েছে।
১৭.	২৪/৩/২০১৫	বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থা কর্তৃক স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদি পরিকল্পনা কার্যক্রম সমন্বয় করার জন্য সচিব, মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিটকে আহ্বায়ক করে যুগ্ম সচিব (উন্নয়ন), জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ সংশ্লিষ্ট পরিচালক এর সমন্বয়ে একটি ওয়ার্কিং টীম গঠন করা হল। গঠিত টীম বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থা কর্তৃক প্রণীত স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদি পরিকল্পনা কার্যক্রমে অগ্রগতি সমন্বয় করবে।	সচিব, মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট ও আহ্বায়ক, ওয়ার্কিং টীম	<ul style="list-style-type: none"> •
১৮.	২৪/৩/২০১৫	সমুদ্র বিজ্ঞান বিষয়ে জ্ঞান অর্জনের জন্য বিভিন্ন সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়ে সমুদ্র বিজ্ঞান কোর্স চালু করার জন্য শিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	শিক্ষা মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> • ঢাকা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, শের-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম ভেটেনারী ও এনিম্যাল সাইন্স বিশ্ববিদ্যালয়, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় এবং মেরিটাইম বিশ্ববিদ্যালয়-এ সমুদ্র বিজ্ঞান/সমজাতীয় বিভাগ ও কোর্স চালু হয়েছে।
১৯.	২৪/৩/২০১৫	বাংলাদেশের সমুদ্র সীমার তেল, গ্যাস, মূল্যবান খনিজ সম্পদ, মৎস্য সম্পদ আহরণ ইত্যাদির জন্য দক্ষ জনবল তৈরী করার লক্ষ্যে বাপেক্স ও পেট্রোবাংলা ট্রেনিং/ওয়ার্কশপ/সেমিনারের আয়োজন করে সক্ষমতা বৃদ্ধি করবে।	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা এবং বাপেক্স	<ul style="list-style-type: none"> • সমুদ্র সম্পদ আহরণ ও সৃষ্টি ব্যবস্থাপনা (ব্লু-ইকোনমি) শীর্ষক কর্মশালা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ব্যবস্থাপনায় পেট্রোবাংলা হতে গত ৩০-০৪-২০১৬ তারিখ বিদ্যুৎ ভবনের বিজয় হলে দিনব্যাপী কর্মশালার আয়োজন করা হয়। এতে সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/এজেন্সি/সংস্থার প্রায় ৯০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। • বাপেক্সের ফোকাল পয়েন্ট/প্রতিনিধি বিভিন্ন সময়ে ব্লু ইকোনমি সেল, ম্যারিটাইম এফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয়/ নোয়ামি কর্তৃক আয়োজিত বিভিন্ন ট্রেনিং/ওয়ার্কশপ/সেমিনারে অংশগ্রহণ করেছে। এ ছাড়া বিভিন্ন আই.ও.সি এর ক্যারিড ইন্টারেস্ট পার্টনার হিসাবে অফশোরে বিভিন্ন ব্লুকে অনুসন্ধান কার্যক্রম পরিচালনার সময় বাপেক্সের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করে থাকেন।

২০.	২৪/৩/২০১৫	লিডিং বিভাগ হিসাবে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ সকল মন্ত্রণালয়/বিভাগের কার্যক্রম সমন্বয় করবে এবং প্রতি তিন মাস অন্তর সভার আয়োজন করবে।	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	<ul style="list-style-type: none"> • জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের আওতায় ০৫ জানুয়ারি ২০১৭ খ্রি: তারিখ অস্থায়ী ভাবে ব্রু ইকোনমি সেল গঠিত হয়েছে। এ সেল সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার মধ্যে সমন্বয় পূর্বক কার্যক্রম গ্রহণ করে থাকে। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রতি দু'মাস অন্তর ব্রু ইকোনমি সংক্রান্ত আন্তঃ মন্ত্রণালয় সভায় সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর কর্তৃক প্রস্তুতকৃত রোড ম্যাপের অগ্রগতি নিয়ে আলোচনা হয় ও ব্রু ইকোনমি সংক্রান্ত কার্যক্রম মনিটর করা হয়।
২১.	২৪/৩/২০১৫	সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়কে পরবর্তী সভাগুলোয় আমন্ত্রণ জানাতে হবে।	প্রধানমন্ত্রীর কার্যালয় ও জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	<ul style="list-style-type: none"> • ইতোমধ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পানি সম্পদ মন্ত্রণালয় ও বাপাউবো-এর ব্রু ইকোনমি ফোকাল পয়েন্ট কর্মকর্তা ব্রু ইকোনমি সংক্রান্ত আন্তঃ মন্ত্রণালয় সভায় নিয়মিতভাবে যোগদান করেন।
২২.	২৪/৩/২০১৫	প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন স্পারসো'র চেয়ারম্যানকে "সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা বিষয়ক সমন্বয় কমিটি"তে কো-অপ্ট করা হ'ল।	প্রধানমন্ত্রীর কার্যালয় ও জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	<ul style="list-style-type: none"> • ইতোমধ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। স্পারসো-এর ব্রু ইকোনমি ফোকাল পয়েন্ট কর্মকর্তা ব্রু ইকোনমি সংক্রান্ত আন্তঃ মন্ত্রণালয় সভায় নিয়মিতভাবে যোগদান করেন।
২৩.	১৯/১০/২০১৫	লীডিং বিভাগ হিসেবে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কে আরো উদ্যোগী হতে হবে।	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	<ul style="list-style-type: none"> • ১৬/০১/২০১৭ তারিখ রিয়ার এডমিরাল (অবঃ) খোরশেদ আলম, সচিব মেরিটাইম এফেয়ার্স ইউনিট ও উপদেষ্টা ব্রু ইকোনমি সেল এর সভাপতিত্বে সমন্বয় সভা হয়। • ২৩/০১/২০১৭ তারিখ সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ এর সভাপতিত্বে আন্তঃ মন্ত্রণালয় সমন্বয় সভা হয়। • ১২/০২/২০১৭ তারিখ অতিঃ সচিব, ব্রু ইকোনমি সেল এর সভাপতিত্বে আন্তঃ মন্ত্রণালয় সমন্বয় সভা হয়। • ১৯/০৪/২০১৭ তারিখ সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ এর সভাপতিত্বে আন্তঃ মন্ত্রণালয় সমন্বয় সভা হয়। • ১৭/০৭/২০১৭ তারিখ সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ এর সভাপতিত্বে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের ব্রু ইকোনমি সংক্রান্ত রোড ম্যাপের অগ্রগতি নিয়ে আলোচনা হয়। • ২৩/১০/২০১৭ তারিখ সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ এর সভাপতিত্বে আন্তঃ মন্ত্রণালয় সমন্বয় সভা হয়। • ২৭/০২/২০১৮ তারিখ অতিঃ সচিব, ব্রু ইকোনমি সেল এর সভাপতিত্বে আন্তঃ মন্ত্রণালয় সমন্বয় সভা হয়। • ১০/০৪/২০১৮ তারিখ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট বিভাগ, ১৬/০৪/২০১৮ তারিখ নৌপরিবহন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট বিভাগ এবং ৩০/০৪/২০১৮ তারিখ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, পেট্রোবাংলা ও জিএসবি-এর সাথে সংশ্লিষ্ট বিভাগের ব্রু ইকোনমি সংক্রান্ত অগ্রগতি নিয়ে সমন্বয় সভা করা হয়। • ০৬ মে ২০১৮ তারিখ জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যানের সাথে ব্রু ইকোনমি সেল ও মেরিটাইম এফেয়ার্স ইউনিট সভা করে সমুদ্রগামী জাহাজ নিবন্ধনকালে ০৫% অগ্রিম আয়কর প্রদানের বিধান রহিত করার জন্য সুপারিশ করা হয়। • ০৭ জুন ২০১৮ তারিখ সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ এর সভাপতিত্বে আন্তঃ মন্ত্রণালয় সমন্বয় সভা হয়। • ০৫ জুলাই ২০১৮ তারিখ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর সমূহের ব্রু ইকোনমি-ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে অতিঃ সচিব, ব্রু ইকোনমি সেল এর সভাপতিত্বে সমন্বয় সভা করা হয়।

২৪.	১৯/১০/২০১৫	মৎস্য সম্পদ অনুসন্ধানের জন্য প্রয়োজনে জাহাজ আউট সোর্সিং করা/FAO-কে অনুরোধ করার উদ্যোগ গহণ করতে হবে।	মৎস্য ও প্রানী সম্পদ মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> • FAO, NORAD এবং Institute of Marine Research (IMR), Norway দ্বারা পরিচালিত V. Dr Fridtjof Nansen গবেষণা জাহাজ আগামী ৩১ শে জুলাই, ২০১৮ ইং তারিখ বাংলাদেশের জলসীমায় প্রবেশ করবে এবং ১৯ আগষ্ট, ২০১৮ ইং তারিখ বাংলাদেশের জলসীমা ত্যাগ করবে।
২৫.	১৯/১০/২০১৫	সমুদ্র ও নদী মোহনায় জেগে উঠা চর স্থায়ী করার লক্ষ্যে বনায়ন কার্যক্রম বিষয়ে সেমিনার করা ছাড়া পরিবেশ ও বন মন্ত্রণালয় আর কী করেছে তা ২ সপ্তাহের মধ্যে অবহিত করবে।	পরিবেশ ও বন মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> • বন অধিদপ্তর কর্তৃক উপকূলীয় এলাকায় চর সমূহে ২০১৬-১৭ অর্থ বছরে ১০৭৬ হেক্টর ম্যানগ্রোভ, ১১৫ হেক্টর নন ম্যানগ্রোভ ও ৫২ কিমিঃ স্ট্রীপ বাগান সৃজন করা হয়েছে।
২৬.	১৯/১০/২০১৫	মেরিটাইম বিশ্ববিদ্যালয়তে কী কী কোর্স রয়েছে, ইতোমধ্যে কী করা হয়েছে, ভবিষ্যতে কী করা হবে ইত্যাদি বিস্তারিত পরিকল্পনা জানাবে।	শিক্ষা মন্ত্রণালয়	<p>মেরিটাইম বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ফ্যাকাল্টির অধীনে নিম্নলিখিত বিভাগ রয়েছে :</p> <ul style="list-style-type: none"> • Department of Maritime Law and Policy • Department of Security and Strategic Studies • Department of Maritime Safety Administration • Department of Nautical Science • Department of Port and Shipping Management • Department of Transportation and Logistics Management • Department of Oceanography and Hydrography • Department of Mining • Department of Marine Fisheries and Aqua Culture • Department of Marine Biology • Department of Genetic Engineering and Biotechnology • Department of Environment Studies • Department of Offshore Engineering • Department of Naval Architecture and Ocean Engineering • Department of Marine Engineering • Department of Harbour and River Engineering • Department of Electrical & Electronics Engineering • Department of Telecommunication Engineering • Department of Control Engineering and Mechatronics • Department of Computer Science and Information Technology • Department of Software and Network Engineering • Department of Information System Security • Department of Management • Department of Accounting and Information System • Department of Finance • Department of Economics • Department of Marketing • Department of Maritime Tourism and Hospitality Management • Department of English

				<ul style="list-style-type: none"> • Department of Mathematics • Department of Physics • Department of Chemistry • Department of Bio Chemistry • Department of Social Science and Anthropology • Department of Material Science • Department of International Relations • Department of History • Department of Land Administration Water Mangement
২৭.	১৯/১০/২০১৫	মেরিটাইম বিশ্ববিদ্যালয় নিয়ে মুখ্য সচিব ভিন্ন একটি সভা করবেন।	প্রধানমন্ত্রীর কার্যালয়	•
২৮.	১৯/১০/২০১৫	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ সরকারী খরচে মাল্টি ক্লায়েন্ট সার্ভে করার বিষয়টি পরীক্ষা করে দেখবে। বাপেক্স এর অভিজ্ঞতা / দক্ষতা দিয়ে তা করা যায় কিনা পরীক্ষা করে দেখতে হবে।	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	<ul style="list-style-type: none"> • প্রতিবেশী দেশের সাথে সমুদ্রসীমা নিষ্পত্তি হওয়ায় সমুদ্রাঞ্চলে নতুনভাবে ব্লকম্যাপ প্রস্তুত করা হয়। সমুদ্রাঞ্চলে অনুসন্ধান কাজে বাপেক্স-এর সক্ষমতা না থাকায় সমুদ্রাঞ্চলে Non-Exclusive Multi-client 2D Seismic Survey সম্পন্নের উদ্দেশ্যে গত ১৫-১২-২০১৫ তারিখ আন্তর্জাতিক দরপত্র আহ্বান করা হয়। প্রাপ্ত দরপত্রসমূহ যথাযথ মূল্যায়নপূর্বক সরকারের সর্বোচ্চ পর্যায়ে অনুমোদনের জন্য মন্ত্রিসভা কমিটির ০৩-০৮-২০১৬ তারিখের সভায় উপস্থাপন করা হয়। অনুষ্ঠিত সভার সিদ্ধান্তক্রমে দরপত্র মূল্যায়নের যথার্থতা যাচাই করার জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রিকে আহ্বায়ক করে ৫ (পাঁচ) সদস্যের একটি কমিটি গঠন করা হয়। কমিটির ২য় সভা ০৪-১২-২০১৬ তারিখে অনুষ্ঠিত হয়। সরকারের অনুমোদন পাওয়া গেলে Qualified Bidder এর সঙ্গে চুক্তি স্বাক্ষরের পর ২ বছরের মধ্যে সমুদ্রাঞ্চলে সাইসমিক ডাটা সংগ্রহ ও প্রসেসিংয়ের পর তা বিডিং রাউন্ডে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের ব্যবহারের উপযোগী হবে। • সমুদ্রাঞ্চলে Non-Exclusive Multi-client 2D Seismic Survey বিষয়টি চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় আছে। উল্লেখ্য, এই কার্যক্রম সম্পন্ন হলে জরিপ জাহাজ ভাড়া করার প্রয়োজন হবে না। • বাপেক্স মূলত স্থলভাগে তেল/গ্যাস অনুসন্ধান কার্যক্রম পরিচালিত করে থাকে বিধায় অফশোরে বাপেক্স এর কর্মঅভিজ্ঞতা সীমিত। মাল্টি ক্লায়েন্ট সার্ভে কার্যক্রমের সময় বাপেক্সকে অন্তর্ভুক্ত করে কার্যক্রম পরিচালনা করা হলে সে অভিজ্ঞতার আলোকে এবং স্থলভাগে তেল/গ্যাস অনুসন্ধান কার্যক্রমে অভিজ্ঞতার দ্বারা বাপেক্স নিজস্ব জনবল ও প্রযুক্তি ব্যবহার করে অফশোরে অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করতে পারবে।
২৯.	১৯/১০/২০১৫	কক্সবাজার-টেকনাফ ৪ লেন বিশিষ্ট মেরিন ড্রাইভ সড়ক নির্মাণ বিষয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ পূর্ণাঙ্গ পরিকল্পনা প্রেরণ করবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	<ul style="list-style-type: none"> • কক্সবাজার থেকে মেরিন ড্রাইভ নির্মাণ ১ম পর্যায়ে কলাতলী থেকে ইনানী বাস্তবায়ন করা হয়েছে। ২য় পর্যায়ের ইনানী থেকে সিলখালী থেকে বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। ৩য় পর্যায় সিলখালী থেকে টেকনাফ পর্যন্ত মেরিন ড্রাইভের কাজ করার জন্য প্রস্তুতকৃত ডিপিপি অনুমোদিত হয়েছে এবং ইতোমধ্যে প্রকল্পের ভূমি অধিগ্রহণের কাজ চলছে।
৩০.	১৯/১০/২০১৫	নদী ড্রেজিং বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয় ও নৌ পরিবহন মন্ত্রণালয় বিস্তারিত পরিকল্পনা জানাবে।	পানি সম্পদ মন্ত্রণালয় ও নৌ পরিবহন মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> • প্রধানমন্ত্রীর কার্যালয়ের মূখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২১ জুন ২০১৬ তারিখে ড্রেজিং বিষয়ক এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাংলাদেশের নদী এবং খালসমূহ খননের লক্ষ্যে মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। মাস্টার-প্ল্যানের খসড়া প্রস্তুত করা হয়েছে। খসড়া মাস্টার প্ল্যান অনুযায়ী বাংলাদেশকে মোট ৯ টি জোনে ভাগ করা হয়েছে এবং বিআইডাব্লিউটিএ কর্তৃক মোট ১৭৮ টি নদীর নাব্যতা উন্নয়নের জন্য নির্ধারিত

				<p>আছে। উক্ত নদীসমূহের নাব্যতা উন্নয়নের জন্য নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতায় বর্তমানে নিম্নবর্ণিত ১০ (দশ) টি প্রকল্প চলমান রয়েছেঃ</p> <p>১। অভ্যন্তরীণ নৌ-পথের ৫৩ টি রুটে ক্যাপিটাল ড্রেজিং প্রকল্প (১ম পর্যায়ঃ ২৪ টি নৌ পথ; ০১/০৭/২০১২ থেকে ৩০/০৬/২০১৯ পর্যন্ত)</p> <p>২। ১২ (বার) টি গুরুত্বপূর্ণ নৌপথের খনন প্রকল্প (০১/১০/২০১১ থেকে ৩০/০৬/২০১৯ পর্যন্ত)</p> <p>৩। বাংলাদেশ আঞ্চলিক অভ্যন্তরীণ নৌপরিবহন প্রকল্প-১ (চট্টগ্রাম-ঢাকা-আশুগঞ্জ ও সংযুক্ত নৌপথ খনন এবং টার্মিনালসহ আনুষঙ্গিক স্থাপনাদি নির্মাণ: ০১/০৭/২০১৬ থেকে ৩০/০৬/২০২৪ পর্যন্ত)</p> <p>৪। মোংলা বন্দর হতে চাঁদপুর-মাওয়া-গোয়ালন্দ হয়ে পাকশী পর্যন্ত নৌ-রুটের নাব্যতা উন্নয়ন প্রকল্প (০১/০৭/২০১৭ থেকে ৩০/০৬/২০২৫ পর্যন্ত)</p> <p>৫। বালাশী ও বাহাদুরাবাদে ফেরিঘাটসহ আনুষঙ্গিক স্থাপনাদি নির্মাণ প্রকল্প (০১/০৭/২০১৭ থেকে ৩১/১২/২০১৯ পর্যন্ত)</p> <p>৬। নগরবাড়ীতে আনুষঙ্গিক সুবিধাদিসহ নদী বন্দর নির্মাণ প্রকল্প (০১/০৭/২০১৮ থেকে ৩০/০৬/২০২১ পর্যন্ত)</p> <p>৭। পায়রা গভীর সমুদ্র বন্দরের কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামো/সুবিধাদির উন্নয়ন (০১/০৭/২০১৫ থেকে ৩০/০৬/২০২০ পর্যন্ত)</p> <p>৮। মোংলা বন্দর চ্যানেলের আউটার বারে ড্রেজিং প্রকল্প (০১/০৭/২০১৭ থেকে ৩১/১২/২০১৯ পর্যন্ত)</p> <p>৯। মোংলা বন্দর হতে রামপাল বিদ্যুৎ কেন্দ্র পর্যন্ত পশুর চ্যানেলের ক্যাপিটাল ড্রেজিং প্রকল্প (০১/০৭/২০১৭ থেকে ৩১/১২/২০১৯ পর্যন্ত)</p> <p>১০। কর্ণফুলী নদীর সদরঘাট হতে বাকলিয়ার চর পর্যন্ত ড্রেজিংয়ের মাধ্যমে নাব্যতা বৃদ্ধি প্রকল্প (০১/০৫/২০১৮ থেকে ৩/০৬/২০২১ পর্যন্ত)</p>
৩১.	১৯/১০/২০১৫	দেশের সমুদ্রসীমায় বিদেশী ট্রলার/জাহাজের অননুমোদিত ফিশিং এবং অবৈধ ট্রলার/জাহাজের অনুপ্রবেশ রোধে মনিটরিং ও সার্ভিল্যান্স কার্যক্রম জোরদার করার জন্য প্রয়োজনীয় লোকবল বৃদ্ধির ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রণালয় সমূহ প্রতিবেদন দিবে।	পানি সম্পদ মন্ত্রণালয় ও নৌ পরিবহন মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> নৌপরিবহন মন্ত্রণালয় দেশীয় মাছ ধরার ট্রলার এবং ফিশিং বোটসমূহের রেজিস্ট্রেশন করে থাকে। দেশের সমুদ্রসীমায় বিদেশী ট্রলার/জাহাজের অননুমোদিত ফিশিং এবং অবৈধ ট্রলার/জাহাজের অনুপ্রবেশ রোধে মনিটরিং ও সার্ভিল্যান্স কার্যক্রম কোস্টগার্ড এবং নৌবাহিনী হতে করা হয়ে থাকে।
৩২.	০২/১২/২০১৫	বু ইকোনমি বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগ /সংস্থা /দপ্তর স্ব স্ব কর্মপরিকল্পনা আগামী এক মাসের মধ্যে প্রনয়ন পূর্বক পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরন করবে এবং তদানুযায়ী পরিকল্পনা মন্ত্রণালয় মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে আগামী জানুয়ারী, ২০১৬ এর প্রথম সপ্তাহে একটি আন্তঃমন্ত্রণালয় কর্মশালার আয়োজন করবে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা বিষয়টি সমন্বয় করবে।	সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> সচিব পরিকল্পনা এর সভাপতিত্বে ১০/৩/২০১৬ একটি আন্তঃমন্ত্রণালয় কর্মশালার আয়োজন করা হয়।

৩৩.	০২/১২/২০১৫	শিক্ষা মন্ত্রণালয় সমুদ্র সম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন বিশ্ববিদ্যালয়/প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সমুদ্র সম্পদ সংশ্লিষ্ট বিষয় ভিত্তিক কোর্স শুরু বিষয়ে সচিব, মেরিটাইম অ্যাফেয়ার্স-এর পরামর্শক্রমে পরিবেশ ও বন মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়-এর সাথে সমন্বয় পূর্বক পদক্ষেপ গ্রহণ করবে এবং এ বিষয়ে প্রণীত প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করবে।	শিক্ষা মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ইতোমধ্যে সমুদ্র সম্পদ সংশ্লিষ্ট বিষয় ভিত্তিক বিভাগ/কোর্স চালু করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, শের-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম ভেটেনারী ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় এবং মেরিটাইম বিশ্ববিদ্যালয়-এ সমুদ্র বিজ্ঞান/সমজাতীয় বিভাগ ও কোর্স চালু হয়েছে।
৩৪.	০২/১২/২০১৫	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ অর্জিত সমুদ্র সীমা এলাকায় সমন্বিত সার্ভে ও তেল-গ্যাস অনুসন্ধান কার্যক্রম সম্পর্কে আগামী এক মাসের মধ্যে পর্যবেক্ষণোত্তর প্রতিবেদন প্রনয়ন পূর্বক প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করবে।	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	<ul style="list-style-type: none"> সমুদ্র সম্পদ আহরণ ও সূষ্ঠা ব্যবস্থাপনা (ব্লু-ইকোনমি) এর আওতায় পরিকল্পনাধীন [পিএসসি ব্লক এসএস-১১ (স্যান্টোস+ক্রীসএনার্জি), ব্লক-১৬ (স্যান্টোস), ব্লক এসএস-০৪ এবং এসএস-০৯ (ওএনজিসি), ব্লক ডিএস-১০ এবং ডিএস-১১ (কনোকোফিলিপস)], বাংলাদেশ অফশোর বিডিং রাউন্ড ২০১২ এর সর্বশেষ অগ্রগতি, Non-Exclusive Multi-client 2D Seismic Survey এবং নতুন অফশোর বিডিং রাউন্ড প্রভৃতি কার্যক্রমের উপর পরিকল্পনা মন্ত্রণালয়ের অনুষ্ঠিত কর্মশালায় উপস্থাপনের জন্য জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা অনুযায়ী হালনাগাদ অগ্রগতির প্রতিবেদন ২২-১২-২০১৫ তারিখে জিএসবি-তে প্রেরণ করা হয়। ব্লক এসএস-০৪-এ ১টি অনুসন্ধান কূপ খননের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে। ব্লক এসএস-১১ -এ স্যান্টোস কর্তৃক 3D Seismic Survey সম্পন্ন হয়েছে, মার্চ ২০১৯ এর মধ্যে একটি অনুসন্ধান কূপ খনন করা হবে। গভীর সমুদ্রে ব্লক ডিএস-১২ এ POSCO Daewoo Corporation কর্তৃক নভেম্বর ২০১৮ তে 3D Seismic Survey করার পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান আছে।
৩৫.	০২/১২/২০১৫	অর্জিত সমুদ্রসীমায় নিরাপত্তা রক্ষা সংশ্লিষ্ট বিষয়ে জিএসবি, কোস্টগার্ড, নৌবাহিনী এবং সশস্ত্র বাহিনী বিভাগ-এর প্রতিনিধি সমন্বয়ে আগামী এক সপ্তাহে পৃথক সভা আহ্বান করা হবে।	জিএসবি, কোস্টগার্ড, নৌবাহিনী এবং সশস্ত্র বাহিনী বিভাগ	<ul style="list-style-type: none"> নৌবাহিনী প্রয়োজনীয় সমন্বিত পদক্ষেপ গ্রহণ করেছে।
৩৬.	০২/১২/২০১৫	সশস্ত্র বাহিনীকে "সমুদ্র সম্পদ আহরণ ও সূষ্ঠা ব্যবস্থাপনা বিষয়ক সমন্বয় কমিটি"-তে কো-অপ্ট করা হ'ল।	সশস্ত্র বাহিনী বিভাগ	<ul style="list-style-type: none"> পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।
৩৭.	১৫/১২/২০১৫	অর্জিত সমুদ্র সীমার সূষ্ঠা নিরাপত্তা বিধানের জন্য সশস্ত্র বাহিনী বিভাগ সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ সভা আহ্বানের মাধ্যমে স্ব স্ব কর্মপরিধি নির্ধারণ করবে এবং এ বিষয়ে এক মাসের মধ্যে কার্যক্রম সম্পন্ন করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিবেদন প্রদান করবে।	সশস্ত্র বাহিনী বিভাগ	<ul style="list-style-type: none"> নৌবাহিনী প্রয়োজনীয় সমন্বিত পদক্ষেপ গ্রহণ করেছে।
৩৮.	১৫/১২/২০১৫	সমুদ্র সম্পদ আহরণ ও নিরাপত্তা সম্পর্কিত উন্নয়নমূলক প্রকল্প গ্রহণের বিষয়ে নৌপরিবহন ও পানিসম্পদ মন্ত্রণালয়, কোস্টগার্ড এবং নৌবাহিনী সমন্বিতভাবে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করবে।	নৌপরিবহন ও পানিসম্পদ মন্ত্রণালয়, কোস্টগার্ড এবং নৌবাহিনী	<ul style="list-style-type: none"> সমুদ্র সম্পদ আহরণ ও নিরাপত্তা সম্পর্কিত উন্নয়নমূলক প্রকল্প গ্রহণের ক্ষেত্রে নৌপরিবহন মন্ত্রণালয় অপরাপর সংস্থাসমূহের সাথে সমন্বয়ের মাধ্যমে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করবে। নৌ-চলাচল নিরাপত্তা রক্ষার্থে কোস্টগার্ড এবং বাংলাদেশ নৌবাহিনীর সাথে সমন্বয় করা হচ্ছে। IMO Compliance ও US Coastguard Coppliance বাস্তবায়নের চেষ্টা চলছে।

৩৯.	১৫/১২/২০১৫	সমুদ্র সম্পদ আহরণ ও সমুদ্র সীমার নিরাপত্তা বিধানের সঙ্গে সম্পর্কিত যে কোন ধরনের MOU স্বাক্ষরের পূর্বে আন্তঃমন্ত্রণালয় সভা আহ্বান পূর্বক সমন্বিত সিদ্ধান্তের আলোকে পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় / বিভাগ / সংস্থা	<ul style="list-style-type: none"> যেকোনো MOU স্বাক্ষরের পূর্বে আন্তঃমন্ত্রণালয় সভার সমন্বিত সিদ্ধান্তের আলোকে নৌপরিবহন মন্ত্রণালয় হতে পদক্ষেপ গ্রহণ করা হয়। সমুদ্র সম্পদ আহরণ ও সমুদ্র সীমার নিরাপত্তা বিধানের সঙ্গে সম্পর্কিত কোন MOU স্বাক্ষরের ক্ষেত্রেও একই নীতি মেনে চলা হবে।
৪০.	১৫/১২/২০১৫	সমুদ্রবক্ষে তেল নিঃস্বরণসহ অন্যান্য দুর্ঘটনা বা বিপদকালীন সময়ে নৌপরিবহন মন্ত্রণালয়, নৌবাহিনী এবং কোস্টগার্ড পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।	নৌপরিবহন মন্ত্রণালয়, নৌবাহিনী এবং কোস্টগার্ড	<ul style="list-style-type: none"> নৌ-দুর্ঘটনা রোধ, তেল নিঃস্বরণ বা অন্যান্য বিপদকালীন সময়ে নৌপরিবহন মন্ত্রণালয় নৌবাহিনী এবং কোস্টগার্ডের সাথে পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করে থাকে।
৪১.	১৫/১২/২০১৫	নিরাপত্তা সংক্রান্ত MSAR ক্রয়ের বিষয়ে বিমান বাহিনী ও বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আগামী তিন সপ্তাহের মধ্যে স্ব স্ব কর্মপরিকল্পনা নৌপরিবহন মন্ত্রণালয়কে অবহিত করবে। নৌপরিবহন মন্ত্রণালয় সর্বোচ্চ ছয় সপ্তাহের মধ্যে প্রাপ্ত কর্মপরিকল্পনার আলোকে চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করবে এবং প্রধানমন্ত্রীর কার্যালয়-কে অবহিত করবে।	নৌপরিবহন মন্ত্রণালয়, বিমান বাহিনী ও বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ	<p>এ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সশস্ত্র বাহিনী বিভাগ হতে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয়েছেঃ</p> <ul style="list-style-type: none"> "সশস্ত্র বাহিনীর পক্ষে বাংলাদেশ বিমান বাহিনী কর্তৃক Maritime Search & Rescue (MSAR) হেলিকপ্টার ক্রয় এবং রক্ষণাবেক্ষণ করা হবে এবং বাংলাদেশ বিমান বাহিনী MSAR ইউনিটের মাধ্যমে বাংলাদেশের অভ্যন্তরে (সমুদ্রসীমাসহ) অনুসন্ধান ও উদ্ধার কার্য পরিচালনার দায়িত্ব পালন করবে।" উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে এ সংক্রান্ত কাজের জন্য নৌপরিবহন মন্ত্রণালয়, নৌ-বাহিনী এবং কোস্টগার্ডের সাথে বাংলাদেশ বিমান বাহিনীকে অন্তর্ভুক্ত করা যেতে পারে।
৪২.	১৫/১২/২০১৫	মাছ ধরা নৌকা/টলার সমূহের নিরাপত্তা বিধানসহ অবৈধ কার্যকলাপ রোধকল্পে রেজিস্ট্রেশনসহ লাইসেন্স প্রদানের জন্য নৌ-পরিবহন মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় যৌথভাবে আগামী ০২ (দুই) দুই সপ্তাহের মধ্যে পদক্ষেপ গ্রহণ করবে এবং এ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে একটি প্রতিবেদন প্রদান করবে।	নৌপরিবহন মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> ১৯-০৯-২০১৬ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে ঢাকায় আন্তঃ মন্ত্রণালয় সভা করা হয়। সভায় নৌ-বাণিজ্য অধিদপ্তরের নিকট রেজিস্ট্রেশন বিহীন মৎস্য নৌযানের তালিকা হস্তান্তর, যৌথ কার্যক্রম গ্রহণ ও পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের সিদ্ধান্ত নেয়া হয়। চট্টগ্রামে ১২-০৪-২০১৭ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে সভায় আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর সমন্বয়ে রেজিস্ট্রেশন বিষয়ে ওয়ার্কশপ করে কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়ে। ০৯-০৫-২০১৭ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা হয়। সভায় রেজিস্ট্রেশনের জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক জেলা কমিটি গঠনের সিদ্ধান্ত হয়। মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি গ্রহণ করে রেজিস্ট্রেশন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে উপকূলীয় জেলা সমূহে ১৪ (চৌদ্দ) সদস্য বিশিষ্ট জেলা কমিটি গঠন করে ১৮-০৭-২০১৭ তারিখ প্রজ্ঞাপন জারি করা হয়। ১১-০৭-২০১৭ তারিখে চট্টগ্রামে মাননীয় মন্ত্রী, মেয়র, বিভাগীয় কমিশনার, বিএনফ্লিট কমান্ডারসহ অন্যান্য সকলকে নিয়ে সভা হয়। সভায় রেজিস্ট্রেশন কার্যক্রমের কর্মপরিকল্পনা দাখিলের জন্য নৌ-বাণিজ্য অধিদপ্তরকে অনুরোধ করা হয়। নৌ-বাণিজ্য অধিদপ্তর রেজিস্ট্রেশন কার্যক্রমের কর্মপরিকল্পনা দাখিলের ব্যবস্থা গ্রহণ করেছে।

৪৩.	১৫/১২/২০১৫	বিলুপ্ত ছিটমহল-সম্বলিত ইউনিয়ন ও উপজেলা সমূহের জমির পরিমাণ নির্ধারণ বিষয়ে ভূমি মন্ত্রণালয় আগামী এক মাসের মধ্যে পদক্ষেপ গ্রহণ করবে এবং নির্ধারণকৃত জমির পরিমাণের ভিত্তিতে সীমানা চিহ্নিতপূর্বক ইউনিয়ন/উপজেলার ম্যাপ অঙ্কনের বিষয়ে সার্ভে অব বাংলাদেশ জরুরী পদক্ষেপ গ্রহণ করবে।	সার্ভে অব বাংলাদেশ	<ul style="list-style-type: none"> • ছিটমহল বিলুপ্তির কারণে জমির পরিমাণ পরিবর্তন হয়েছে। জিএসবি ও সার্ভে অব বাংলাদেশ হতে জমির পরিমাণ চিহ্নিত করা হলে ম্যাপ অঙ্কন করা যাবে।
৪৪.	০৯/১০/২০১৬	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ অর্জিত সমুদ্র সীমায় প্রাকৃতিক গ্যাস আহরণ সম্পর্কিত ব্লক অনুসন্ধান ও ইজারা প্রদান সংক্রান্ত কার্যাবলি দ্রুত সম্পাদনের পদক্ষেপ করবে।	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	<ul style="list-style-type: none"> • প্রতিবেশী দেশের সাথে সমুদ্রসীমা নিষ্পত্তি হওয়ায় সমুদ্রাঞ্চলে নতুনভাবে ব্লকম্যাপ প্রস্তুত করা হয়। অর্জিত সমুদ্র সীমায় প্রাকৃতিক গ্যাস আহরণ সম্পর্কিত কার্যাবলি দ্রুত সম্পাদনের উদ্দেশ্যে নতুনভাবে বিডিং রাউন্ড আয়োজনের অংশ হিসেবে বিদ্যমান Revised Model PSC 2012 এর প্রয়োজনীয় সংশোধন/পরিমার্জনপূর্বক আধুনিকায়ন ও আকর্ষণীয় করে অফশোর এবং অনশোর মডেল পিএসসি ২০১৭ প্রণয়নের কাজ প্রায় চূড়ান্ত পর্যায়ে আছে। পাশাপাশি নতুনভাবে আয়োজিতব্য বিডিং রাউন্ডে অংশগ্রহণকারী আইওসিসমূহের ব্যবহারের উদ্দেশ্যে Non-Exclusive Multi-client 2D Seismic Survey সম্পন্নের লক্ষ্যে সরকারের অনুমোদনের অপেক্ষায় রয়েছে।
৪৫.	০৯/১০/২০১৬	অনুসন্ধানী জাহাজ ক্রয় অথবা ভাড়া করার বিষয়ে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠানের মাধ্যমে অনতিবিলম্বে জরুরি পদক্ষেপ গ্রহণ করবে এবং গৃহিত পদক্ষেপ প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করবে।	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	<ul style="list-style-type: none"> • মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী অফশোর জরিপ জাহাজ ভাড়া করার বিষয়ে গত ১৭-১২-২০১৭ তারিখে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় পিপিআর অনুসরণপূর্বক জরীপ জাহাজ ভাড়া করে সার্ভে করার কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত প্রদান করা হয়। এ প্রেক্ষিতে গত ০১.০২.২০১৮ তারিখ পেট্রোবাংলায় অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পিপিআর অনুসরণ করে জরিপ জাহাজ ভাড়া করার লক্ষ্যে ইএমআরডি ও বুয়েট প্রতিনিধির সমন্বয়ে পেট্রোবাংলা প্রান্তে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি সরকারী ক্রয় সংক্রান্ত নিয়মাবলী (পিপিআর) অনুসরণ করে জরীপ জাহাজ ভাড়া করণের যাবতীয় কার্যক্রম সম্পাদন করবে। এ লক্ষ্যে গত ২১ মার্চ ২০১৮ তারিখে EOI আহবান করা হয়। উক্ত EOI আহবানের প্রেক্ষিতে বিড দাখিলের সর্বশেষ তারিখ পর্যন্ত সর্বমোট ১৩টি বিড পাওয়া যায়। বর্তমানে প্রাপ্ত বিডসমূহের মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে এবং উক্ত মূল্যায়নে উত্তীর্ণ প্রতিষ্ঠানসমূহ বরাবর পরবর্তীতে RFP প্রেরণ করা হবে। এ লক্ষ্যে RFP প্রণয়নের কাজও প্রক্রিয়াধীন রয়েছে।
৪৬.	০৯/১০/২০১৬	অর্জিত সমুদ্রসীমায় মৎস্য ও প্রাণী সম্পদ আহরণের নিমিত্ত অনুসন্ধানী জাহাজ ক্রয়/ভাড়া করার বিষয়ে বৈদেশিক সহায়তা গ্রহণের বিষয়ে আগামী ১৫ কার্যদিবসের মধ্যে একটি অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত পূর্বক মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করবে।	মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> • মৎস্য অধিদপ্তরাধীন “বাংলাদেশ মেরিন ফিশারিজ ক্যাপাসিটি বিল্ডিং” শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৬ সালে মালয়েশিয়া হতে গবেষণা “আর. ভি. মীন সন্ধানী” ক্রয় করা হয়। • বর্তমানে গবেষণা জাহাজটি বাংলাদেশের সমুদ্র সীমায় সার্ভে কাজে নিয়োজিত আছে। “আর. ভি. মীন সন্ধানী” পরিচালিত ৪টি ক্রুজের মাধ্যমে বঙ্গোপসাগরে ১৭৬ প্রজাতির মৎস্য, ১৩ প্রজাতির চিংড়ি ও ১৪টি অন্যান্য প্রজাতির ক্রাস্টাসিয়ান ও মোলাস্ক চিহ্নিত করা হয়েছে। জরীপ কাজ যথারীতি ২০১৭-১৮ অর্থ বছরে চলমান থাকবে।
৪৭.	০৯/১০/২০১৬	সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহের নিরুপিত চাহিদা অনুযায়ী সমুদ্র সম্পদের সাথে সম্পৃক্ত প্রশিক্ষিত জনবল তৈরীর লক্ষ্যে প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে।	প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> • বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের মাধ্যমে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এর মেরিন ও শিপবিল্ডিং টেকনোলজিতে ০২টি কোর্সের সিলেবাস আপগ্রেড করা হয়েছে। • বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, নারায়ণগঞ্জে ০৪টি ট্রেডে ১৮৩২ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। • Marine Engine and Mechanical Fitter ও Ship Welding and Fabrication এ প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়েছে।

				<ul style="list-style-type: none"> • Marine Diesel Engine Artificer কোর্সের Curriculum NTVQF এর আওতায় প্রস্তুত করা হয়েছে এবং কারিগরি শিক্ষা বোর্ডে কর্তৃক অনুমোদিত হয়েছে। • Marine Refrigeration & Air Conditioning ট্রেডের যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। প্রশিক্ষকদের প্রশিক্ষণ শেষে আগামী জুলাই/২০১৯খ্রিঃ হতে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা সম্ভব হবে। • প্রকল্প গ্রহণের মাধ্যমে (a) Crane Operation and Maintenance; (b)Electrical Maintenance for Marine Vessel. ০২টি কোর্সে প্রশিক্ষণ পরিচালনা আগামী ২০১৯-২০খ্রিঃ হতে ২০২২-২৩খ্রিঃ অর্থ বছরের মধ্যে বাস্তবায়ন করা সম্ভব হবে।
৪৮.	০৯/১০/২০১৬	নদ-নদীর মোহনা ও সমুদ্র বক্ষে ভূমি পুনরুদ্ধারের বিষয়ে সময়-সীমা নিরূপণ পূর্বক আগামী ৩০ কার্যদিবসের মধ্যে একটি ধারণাপত্র প্রস্তুত করে পানি সম্পদ মন্ত্রণালয় প্রেরণ করবে।	পানি সম্পদ মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> • এ বিষয়ে পানি উন্নয়ন বোর্ড একটি ধারণাপত্র প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
৪৯.	০৯/১০/২০১৬	আকাশসীমা অতিক্রমের ক্ষেত্রে বৈদেশিক বিমান কোম্পানী সমূহের নিকট থেকে রাজস্ব প্রাপ্তির সম্ভারনা বিষয়ে একটি জরুরি ধারণাপত্র প্রস্তুতপূর্বক প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করবে।	বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> • সমুদ্র জলসীমা বৃদ্ধি পাওয়ার কারণে বাংলাদেশের অর্জিত জলসীমার উপরস্থ সকল পয়েন্টের সঠিক স্থানাংকসহ এই বর্ণিত আকাশসীমার নির্ভুল সীমানা ম্যাপ/নকশা, সার্ভে অব বাংলাদেশ হতে সংগ্রহের কার্যক্রম ইতোমধ্যেই গ্রহণ করা হয়েছে। উক্ত নির্ভুল সীমানা প্রাপ্তির পর পার্শ্ববর্তী দেশসমূহের সাথে দ্বিপাক্ষিক আলোচনা এবং ICAO (International Civil Aviation Organization)- এর অনুমোদনের মাধ্যমে FIR বর্ধিতকরণের কার্যক্রম সম্পন্ন হলে উক্ত এলাকায় বাংলাদেশের সুনির্দিষ্ট কর্তৃত্ব স্থাপিত হবে। দক্ষিণদিকে সিএএবির Surveillance I VHF Coverage না থাকা এবং Air Traffic Service প্রদানের জন্য বর্তমান FIR-এর উপর সর্ব দক্ষিণের একটি মাত্র রুট (L507) কলকাতা ACC (Area Control) হতে কন্ট্রোল করা হয়। ইতোমধ্যে শাহ অমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম জাইকা প্রকল্পের আওতায় একটি RADAR সংস্থাপন করা প্রায় শেষ পর্যায়ে, যেটির Primary Range ৬০(ষাট) নটিক্যাল মাইল এবং Secondary Range ২০০ (দুইশত) নটিক্যাল মাইল। উক্ত RADAR এর কার্যক্রম শুরু হলে এবং RADAR এর উপর প্রশিক্ষিত পর্যাপ্ত জনবল নিয়োজিত করে দক্ষিণের সমুদ্রসীমা উপরস্থ Air Route সমূহে চলাচলকারী বিমানসমূহকে বাংলাদেশ হতে কন্ট্রোল করার প্রক্রিয়া গ্রহণ করা হবে।
৫০.	০৯/১০/২০১৬	জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ সংক্রান্ত শিল্প স্থাপনের জন্য ভূমি নির্বাচনপূর্বক শিল্প মন্ত্রণালয় জরুরি পদক্ষেপ গ্রহণ করে আগামী ৩০ কার্যদিবসের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করবে।	শিল্প মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> • জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপনের লক্ষ্যে বরগুনা জেলার তালতলি উপজেলায় ছোট নিশানবাড়িয়া মৌজাছ তেতুলবাড়িয়া এলাকায় ১০৫.৫০ একর জমি অধিগ্রহণের জন্য বিএসইসির অনুকূলে ১৬-৪-২০১৮ শিল্প মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারী করা হয়েছে এবং ০৬-৫-২০১৮ তারিখ প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক বরগুনাকে পত্র প্রেরণ করা হয়েছে। • জাহাজ নির্মাণ ও মেরামত শিল্প স্থাপনের লক্ষ্যে পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার পায়রা বন্দরের সন্নিকটে চর নিশানবাড়িয়া ও মধুপাড়া মৌজায় ১০৫.৫০ একর জমি অধিগ্রহণের জন্য বিএসইসির অনুকূলে ০৯-৪-২০১৮ শিল্প মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারী করা হয়েছে এবং ০৩-৫-২০১৮ তারিখ প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক পটুয়াখালীকে পত্র প্রেরণ করা হয়েছে।

৫১.	০৯/১০/২০১৬	পানগাঁও নদী বন্দরের কার্যক্রম পুরোদমে চালু করার বিষয়ে উদ্ভূত জটিলতা নিরসনকল্পে নৌপরিবহন মন্ত্রণালয় জরুরি পদক্ষেপ গ্রহণপূর্বক প্রধানমন্ত্রীর কার্যালয়ে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবে।	নৌপরিবহন মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> • সমুদ্র বন্দর থেকে নদীপথে কন্টেইনার পরিবহন করার জন্য ইতোমধ্যে সরকারী পর্যায়ে পানগাঁও কন্টেইনার পরিবহনের জন্য ব্যবহৃত হচ্ছে। এছাড়া বেসরকারী পর্যায়ে আরো ০৩ টি কন্টেইনার টার্মিনাল মেঘনা কন্টেইনার টার্মিনাল, রূপায়ন কন্টেইনার টার্মিনাল, আনন্দ কন্টেইনার টার্মিনাল) নির্মাণাধীন রয়েছে। • দেশের এক বন্দর হতে অন্য বন্দরে কন্টেইনার পরিবহনের উদ্দেশ্যে নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক ইতোমধ্যে মোট ৩৮ টি প্রতিষ্ঠানকে কন্টেইনার জাহাজ নির্মাণ বা সংগ্রহের জন্য অনুমতি প্রদান করা হয়েছে। উক্ত জাহাজসমূহের মধ্যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক সংগৃহীত ৩টি জাহাজ এবং বেসরকারী উদ্যোগে ১১টি জাহাজ ইতোমধ্যে কন্টেইনার পরিবহন শুরু করেছে। এছাড়া আরো কতগুলো জাহাজ নির্মাণ পর্যায়ে রয়েছে। • পানগাঁও হতে হাসনাবাদ পর্যন্ত কানেকটিং রোড বিদ্যমান আছে। তবে সড়কটি সঙ্কীর্ণ বিধায় প্রশস্তকরণের বিষয়ে বিআইডব্লিউটিএ এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের যৌথ উদ্যোগে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। • পানগাঁও সংলগ্ন জুরাইন এলাকায় ট্রাফিক জ্যাম এড়ানোর জন্য ফুটপাথ উৎখাতসহ পর্যাপ্ত ফুট ওভার ব্রীজ তৈরী করার বিষয়ে বিআইডব্লিউটিএ'র আওতাধীন না হওয়ায় এ বিষয়ে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক ব্যবস্থা নেয়া যেতে পারে। • Line of Credit (LOC) এর অর্থায়নে আশুগঞ্জ অভ্যন্তরীণ কন্টেইনার নৌ বন্দর স্থাপনের প্রকল্প একনেকে অনুমোদিত হয়েছে।
৫২.	০৯/১০/২০১৬	সমুদ্র বিজ্ঞান সম্পর্কিত নতুন বিভাগ সৃজনসহ প্রয়োজনীয় শিক্ষক/প্রশিক্ষক তৈরীর জন্য বিদেশী বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতা চুক্তি সম্পাদনের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে এবং গৃহিত পদক্ষেপ সমূহের অগ্রগতি প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করবে।	শিক্ষা মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> • ঢাকা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, শের-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম ভেটেনারী ও এনিম্যাল সাইন্স বিশ্ববিদ্যালয়, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় এবং মেরিটাইম বিশ্ববিদ্যালয়-এ সমুদ্র বিজ্ঞান/সমজাতীয় বিভাগ ও কোর্স চালু হয়েছে।
৫৩.	০৯/১০/২০১৬	সমুদ্র সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা এবং সমুদ্রসীমার নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রতিরক্ষা ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিভাগ/সংস্থা সমূহের সমন্বিত পদক্ষেপ গ্রহণ বিষয়ে আগামী ১৫ কর্মদিবসের মধ্যে একটি প্রতিবেদন প্রনয়ন পূর্বক প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করবে।	প্রতিরক্ষা ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়	<ul style="list-style-type: none"> • নৌবাহিনী প্রয়োজনীয় সমন্বিত পদক্ষেপ গ্রহণ করেছে।
৫৪.	২৩/৫/২০১৮	বিগত ২০/৮/২০১৪, ২৪/৩/১৫, ১৯/১০/২০১৫, ০২/১২/২০১৫, ১৫/১২/২০১৫ এবং ০৯/১০/২০১৬ তারিখের সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মেট্রিক্স আকারে সংশ্লিষ্ট মন্ত্রণালয় / বিভাগ / সংস্থা আগামী পনের দিনের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয় এবং সচিব, মেরিটাইম অ্যাফেয়াস ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে।		<ul style="list-style-type: none"> •

৫৫.	২৩/৫/২০১৮	বাংলাদেশের অর্জিত জলসীমায় সমুদ্র সম্পদ আহরন ও সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে কৌশলগত পরিকল্পনা(স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদি) প্রণয়নের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় / বিভাগ / সংস্থা কর্তৃক গৃহিত ব্যবস্থা আগামী ত্রিশ দিনের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়, পরিকল্পনা মন্ত্রণালয় এবং সচিব, মেরিটাইম অ্যাফেয়াস ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে।		<ul style="list-style-type: none"> ● সংশ্লিষ্ট মন্ত্রণালয় / বিভাগ / সংস্থা কর্তৃক বাংলাদেশের অর্জিত জলসীমায় সমুদ্র সম্পদ আহরন ও সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে কৌশলগত পরিকল্পনা(স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদি) গ্রহণ করেছে।
৫৬.	২৩/৫/২০১৮	সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার নিমিত্তে বাংলাদেশের অর্জিত সমুদ্রসীমায় যথাযথ অনুসন্ধান পূর্বক প্রাপ্ত তথ্যের ভিত্তিতে একটি Data Bank তৈরী করতে হবে। এবিষয়ে শীঘ্রই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।		<ul style="list-style-type: none"> ● ০৫ জুলাই ২০১৮ তারিখ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর সমূহের ব্রু ইকোনমি-ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে অতিঃ সচিব, ব্রু ইকোনমি সেল এর সভাপতিত্বে সমন্বয় সভা করা হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট মন্ত্রণালয় / বিভাগ / সংস্থার প্রেরিত তথ্যের ভিত্তিতে ব্রু ইকোনমি সেল Data Bank তৈরী করেছে।
৫৭.	২৩/৫/২০১৮	লিডিং বিভাগ হিসেবে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ প্রতি তিন মাস অন্তর সমন্বয় সভা আহ্বান করবে।		<ul style="list-style-type: none"> ● কার্যক্রম চলমান আছে।